

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
কল্যাণ শাখা।
www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১২৩.২২.০০২.১৬-৩৩

তারিখ : ০৪ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : চাকরিরত অবস্থায় মৃত্যু/স্থায়ী অক্ষমতার কারণে আর্থিক অনুদানের আবেদন প্রেরণ পদ্ধতি ও সংযোজনীয় কাগজপত্রের চেকলিস্ট।

বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় কোন সরকারী কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুবরণ এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত কারণে আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৩' এর আওতায় আর্থিক অনুদানের আবেদন যাচাই-বাছাই ও প্রাপ্যতা নির্ধারণের সুবিধার্থে আবেদন প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

ঢাকা মেট্রোপলিটন এলাকায় চাকরিরতদের ক্ষেত্রে আবেদন প্রেরণ পদ্ধতি :

১. নির্ধারিত আবেদন ফরমে আবেদনকারী স্বাক্ষরিত মূল আবেদন যথাযথ কর্তৃপক্ষ (নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়) এর মাধ্যমে প্রেরণ করতে হবে;
২. আবেদন ফরমের 'খ' অংশটি নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক রাজস্ব খাতের পদধারী নিশ্চিত হয়ে তার প্রত্যয়নসহ পূরণ করতে হবে;

ঢাকা মেট্রোপলিটন এলাকার বাহিরে চাকরিরতদের ক্ষেত্রে আবেদন প্রেরণ পদ্ধতি :

১. নির্ধারিত আবেদন ফরমে আবেদনকারী স্বাক্ষরিত মূল আবেদন যথাযথ কর্তৃপক্ষ (সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়)-এর মাধ্যমে প্রেরণ করতে হবে;
২. আবেদন ফরমের 'খ' অংশটি নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক রাজস্ব খাতের পদধারী নিশ্চিত হয়ে তার প্রত্যয়নসহ পূরণ করতে হবে;
৩. আবেদন ফরমের 'গ' অংশটি সংশ্লিষ্ট মেডিকেল বোর্ড কর্তৃক পূরণকৃত হতে হবে;
৪. আবেদন ফরমের 'ঘ' অংশটি পূরণপূর্বক বাছাই কমিটির সভাপতির স্বাক্ষর(সীলসহ) থাকতে হবে;

আবেদনের সাথে সংযোজনীয় কাগজপত্রের তালিকা :

১. সরকারী হাসপাতাল/স্থানীয় সরকার (পৌরসভা/ইউনিয়ন পরিষদ) কর্তৃক জারিকৃত মৃত কর্মচারীর মৃত্যু সনদ;
২. ওয়ারিশ সনদ (স্থানীয় সরকার যথা- পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক জারিকৃত);
৩. ওয়ারিশগণ কর্তৃক আবেদনকারীকে প্রদত্ত 'ক্ষমতাপত্র' পত্র (স্থানীয় সরকার যথা- পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক জারিকৃত);
৪. সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা কর্তৃক জারিকৃত এবং সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা প্রতিস্বাক্ষরিত শেষ বেতনের প্রত্যয়নপত্র(এলপিসি);
৫. সার্ভিস বহির প্রযোজ্য অংশের ফটোকপি (অফিস প্রধান কর্তৃক সত্যায়িত);
৬. মৃত ব্যক্তির জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (অফিস প্রধান কর্তৃক সত্যায়িত);
৭. আবেদনকারীর ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (অফিস প্রধান কর্তৃক সত্যায়িত);
৮. আবেদনকারী পুনর্বিবাহে আবদ্ধ না হওয়া সংক্রান্ত সনদ (স্থানীয় সরকার যথা- পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক জারিকৃত)।


(আলেয়া আক্তার)
উপসচিব
ফোন : ৯৫৪৯৬২১

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব,(সকল মন্ত্রণালয়/বিভাগ)
(তাঁর আওতাধীন সকল অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
- ৩। জেলা প্রশাসক, (সকল)
(তাঁর আওতাধীন সকল কার্যালয়কে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় এর একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় এর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এর একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।